অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল আফগানিস্তান ছেড়ে আসা ব্যক্তিদের নিউ ইয়র্ক স্টেটে স্বাগত জানিয়েছেন

মার্কিন যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্র অধিদপ্তরের নতুন নির্দেশনা অনুযায়ী 1,143 জন পর্যন্ত আফগানিস্তানি আগামী ছয় মাসের মধ্যে নিউ ইয়র্কে পুনর্বাসন করতে পারবে

অ্যালবানি, বাফেলো, নিউ ইয়র্ক সিটি, রচেস্টার, সিরাকিউস এবং ইউটিকার স্থানীয় এজেন্সিগুলি আফগানিস্তান ছেড়ে আসা ব্যক্তিদের পুনর্গঠনে সহায়তা করবে

গভর্নর ক্যাথি হোচুল আজকে আফগানিস্তানিদের স্বাগত জানিয়েছেন যারা সামনের মাসগুলিতে নিউ ইয়র্কের কমিউনিটিগুলিতে পুনর্বাসিত হবেন এবং স্টেটের সমর্থিত পুনর্বাসন এজেন্সিগুলির মাধ্যমে তাদেরকে তাদের জীবন পুনর্গঠনের সময়ে সহায়তা করার প্রতিজ্ঞা করেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্র অধিদপ্তরের (U.S. Department of State) আফগান প্লেসমেন্ট অ্যান্ড অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Afghan Placement and Assistance Program) স্টেটকে জানিয়েছে যে 1,143 জন পর্যন্ত আফগানিস্তানি ব্যক্তি যারা এই গ্রীষ্মে দেশ ত্যাগ করে এসেছেন তাদের আগামী ছয় মাসের মধ্যে নিউ ইয়র্কের কমিউনিটিগুলিতে পুনর্বাসন করা হতে পারে।

"সহিংসতা এবং নিপীড়ন থেকে পালিয়ে এসে নিরাপদ আশ্রয় চাওয়া মানুষদের আমন্ত্রণ জানানোর নিউ ইয়র্কের বহু বছরেরইতিহাস রয়েছে - একটি গর্বিত ঐতিহ্য যা আমাদের স্টেট বর্তমানেও চালিয়ে নিচ্ছে, আফগানিস্তান ছেড়ে আসা ব্যক্তিদের পুনর্নির্মাণের জন্য সাহায্য করার মাধ্যমে," **গভর্নর হোচুল বলেন।** "স্বদেশ ছেড়ে আসা মানুষের হৃদয় বিদারক ছবি এবং গল্পগুলি এমন একটি আবেদন যার উত্তর দিতে নিউ ইয়র্ক উদগ্রীব। আমরা আমাদের নতুন আফগান বন্ধুদের দুহাত খুলে স্বাগত জানাই এবং তাদের জীবন নতুন করে সাজিয়ে নিতে প্রয়োজনীয় সমর্থন করার জন্য অঙ্গীকার করছি।"

আফগানিস্তানিরা, যারা ইতোমধ্যে চলে এসেছেন তারা সহ, তাদের নতুন কমিউনিটিতে এখন থেকে 31 মার্চের মধ্যে প্লেসমেন্ট লাভ করবেন। এর মধ্যে অ্যালবানিতে 100, বাফেলোতে 335, নিউ ইয়র্ক সিটি এলাকায় 240, রচেস্টারে 200, সিরাকিউসে 248 এবং ইউটিকাতে 20 জন পর্যন্ত প্রত্যাশিত ব্যক্তি অন্তর্ভুক্ত।

গভর্নর হোচুল স্টেটজুড়ে এই সপ্তাহকে স্বাগত সপ্তাহ (Welcoming Week) আখ্যা দিয়ে একটি ঘোষণা করেছেন, সকল নিউ ইয়র্কবাসীকে বিভেদের রেখা পাড় করে অভিবাসী এবং শরণার্থীদের এবং তাদের নাগরিক অবদানকে আলিঙ্গন করার আহ্বান জানিয়েছেন। ঘোষণাটি এখানে দেখুন।

নিউ ইয়র্কে আসা ব্যক্তিদের শরণার্থী পরিষেবা ব্যুরো (Bureau of Refugee Services) এর তহবিলপ্রাপ্ত এজেন্সিগুলি কর্তৃক সহায়তা করা হবে, যা অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary Disability Assistance, OTDA) অফিসে অবস্থিত। এই এজেন্সিগুলিকে শরণার্থী এবং অন্যান্য অ-নাগরিক ব্যক্তিদের সহায়তা করার দায়িত্ব দেওয়া হয়েছে, যেসব ব্যক্তি ভিন্ন দেশ বা অন্য জায়গা থেকে নিউ ইয়র্ক স্টেটে আইনত বৈধভাবে একটি বিশেষ অভিবাসী স্ট্যাটাসের অধীনে এসেছেন।

"আমাদের স্টেটে এখন আসা আফগানদের সহ্য করা কষ্ট এবং ভয় আমাদের অনেকেই কল্পনা করতে পারবে না," **OTDA এর কমিশনার মাইক হেইন বলেন।** "আমাদের দায়িত্ব হল এখন আমাদের কমিউনিটিতে তাদের স্বাগত জানানো, তাদেরকে তাদের জীবন পুনর্নির্মাণে সহায়তা করা এবং আমাদের প্রতিবেশী হিসাবে তাদের আলিঙ্গন করা। তাদের নিউ ইয়র্ক স্টেটের বিস্তৃত সংস্কৃতির চাঁদোয়ার অংশ হয়ে যাওয়ার দিকে আমরা অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

উপরন্তু, নিউ ইয়র্ক স্টেটের স্বরাষ্ট্র অধিদপ্তরের (New York State Department of State) অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans) সকল অভিবাসী এবং শরণার্থীদের স্ট্যাটাস নির্বিশেষে বিভিন্ন বিনামূল্য সমর্থন সেবা প্রদান করে। এর মধ্যে রয়েছে কমিউনিটি ভিত্তিক সেবা এবং প্রোগ্রাম যেমন কর্মীদল উন্নয়ন, মানসিক স্বাস্থ্য, ইংরেজি শিক্ষা এবং আইনি সহায়তা।

"নিউ ইয়র্ক পুরো পৃথিবীর অভিবাসী এবং শরণার্থীদের জন্য বিকন স্বরূপ, এবং নিরাপত্তা এবং সুযোগের খোঁজে আসা আফগানদের স্বাগত জানাবে," **স্বরাষ্ট্র মন্ত্রী রোজানা রোসাডো বলেন।** "নিউ ইয়র্ক স্টেট অফিস ফর নিউ আমেরিকান্স আফগানদের বিভিন্ন সেবা এবং উৎসের সাথে সংযুক্ত করতে এবং যখন তারা এম্পায়ার স্টেটকে নিজেদের আবাস হিসাবে গ্রহণ করছে তরখন তাদের সফল হতে সহায়তা করতে প্রস্তুত।"

আফগানিস্তান ছেড়ে আসা ব্যক্তিদের যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটির (Department of Homeland Security, DHS) মন্ত্রীর সিদ্ধান্তে জরুরি মানবিক কারণে ঢুকতে দেওয়ার অনুমতি দেওয়া হয়েছে। শরণার্থী এবং বিশেষ অভিবাসী ভিসায় আসা ব্যক্তিদের চেয়ে ভিন্ন, এই ব্যক্তিগণকে মার্কিন যুক্তরাষ্ট্রে অস্থায়ীকালের জন্য থাকার অনুমতি দেওয়া হয়েছে যেসময়ের মাঝে তারা আশ্রয় এবং আরও স্থায়ী অভিবাসী স্ট্যাটাস পাওয়ার চেষ্টা করবে।

বর্তমানে নিউ ইয়র্ক স্টেটে প্রায় 7,500 জন আফগান বাস করেন, কিন্তু এই সংখ্যাটি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে যখন মানবিক কারণে দেশ ছেড়ে আসা, বিশেষ অভিবাসী ভিসাধারীগণ এবং শরণার্থীরা আসবে। মার্কিন যুক্তরাষ্ট্রের জনসংখ্যা, শরণার্থী এবং অভিবাসন ব্যুরো (U.S. State Department's Bureau of Population, Refugees, and Migration) 2020

সালের সেপ্টেম্বর মাসে প্রারম্ভিকভাবে জানায় যে নিউ ইয়র্ক সামনের বছর 980 জন পর্যন্ত শরণার্থী এবং 340 জন পর্যন্ত বিশেষ অভিবাসী ভিসাধারী ব্যক্তি লাভ করতে পারে।

প্রেসিডেন্ট বাইডেন এই বছর অফিসে দায়িত্ব নেওয়ার পর দেশজুড়ে আফগানদের ঢোকার সংখ্যা নাটকীয়ভাবে বেড়ে গিয়েছে। স্টেটের শরণার্থী সেবা ব্যুরো (Bureau of Refugee Services) এর সহায়তাপ্রাপ্ত পুনর্বাসন এজেন্সিগুলিকে সাথে নিয়ে আগত আফগানদের প্রয়োজনীয় সকল সেবা প্রদান করার জন্য ফেডারেল কর্মকর্তাদের সাথে কাজ চালিয়ে যাচ্ছে।

অফিস ফর নিউ আমেরিকান্সের একটি হটলাইন রয়েছে যা অভিবাসী এবং শরণার্থীদের স্টেটজুড়ে বিনামূল্য সেবার সাথে সংযুক্ত করতে পারে। সোমবার থেকে শুক্রবার, প্রতিদিন সকাল 9:00টা থেকে রাত 8:00টা পর্যন্ত 1-800-566-7636 নম্বরে হটলাইনের সাথে যোগাযোগ করা যাবে, ছুটির দিন বাদে, এবং 200 এর বেশি ভাষায় সহায়তা লাভ করা যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন